দৈনিক ইত্তেফাক

২৭

তারিখ 0 3 FEB 1989
পৃষ্ঠা ৩ কলাম ১

(৪

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# গণশিক্ষা কর্মসূচী জোরদার করার আহবান

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সমাজের অবহেলিত বিত্তহীন ছিন্নমূল শিশু-কিশোরদের সুপ্ত প্রতিভা বিকাশের পথকে উন্মুক্ত করার লক্ষ্যে বেসরকারী উদ্যোগে গণশিক্ষা কর্মসূচী জোরদার করার আহ্বান জানাইয়াছেন। শিক্ষামন্ত্রী গত বুধবার বিকালে ধানমণ্ডিতে ছিন্নমূল শিশুদের জন্য প্রতিষ্ঠিত বিদ্যালয় 'সুরভির' দশম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত তিনদিনব্যাপী

(৪র্থ পৃঃ দ্রঃ)

## গণশিক্ষা কর্মসূচী

(৩য় পৃঃ পর)

এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দিতেছিলেন।

বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সৈয়দা ইকবাল মান্দ বানুর সভানেত্রীত্বে আয়োজিত এই অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী কাজী ফিরোজ রশীদ রোকনুজ্জামান খান দাদাভাই এবং মোস্তফা মনোয়ার বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা দেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদ ও তাহার সরকার সমাজের কম সৌভাগ্যবান শিশুদের জন্য শিক্ষাসহ সবধরনের উন্নয়নে আগ্রহী এবং ইহার লক্ষ্যে খোলাইখাল ও ফতুল্লাতে 'পথকলি' নামে দুইটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হইয়াছে।

অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী কাজী ফিরোজ রশীদ সমাজের কম সৌভাগ্যবান ছেলে মেয়েদের শিক্ষাসহ সার্বিক উন্নয়নে আগাইয়া আসার জন্য বিত্তবানদের প্রতি আহ্বান জানাইয়াছেন। —তথ্যবিবরণী